গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.atwari.panchagarh.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৭.৭৭০৪.০০০.৩২.০২৩.২৪-৭২

তারিখ : ০৮ মাঘ ১৪৩০
২২ জানুয়ারি ২০২৪

## ১৪৩১ বাংলা সন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাধীন ইজারাযোগ্য নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ইজারাদারগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে ঃ

০১। দরপত্র প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পঞ্চগড়
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়
(গ) উপজেলা ভূমি অফিস, আটোয়ারী, পঞ্চগড়
(ঘ) অফিসার ইনচার্জ, আটোয়ারী, পঞ্চগড়
(ঙ) সোনালী ব্যাংক লিঃ, আটোয়ারী শাখা, পঞ্চগড়

০২। দরপত্র দাখিলের স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পঞ্চগড়
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়
(গ) উপজেলা ভূমি অফিস, আটোয়ারী, পঞ্চগড়

০৩। 'ক' তফশীলে বর্ণিত নিম্নোক্ত সিডিউল অনুযায়ী দরপত্র ক্রয়, দাখিল করা যাবে এবং খোলা হবে।

| পর্যায় | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ৩০/০১/২০২৪ খ্রি. হতে ১৪/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | ১৫/২/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১৫/২/২০২৪ খ্রি. দুপুর ০২.০০ টা পর্যন্ত | |
| ২য় | ১৮/০২/২০২৪ খ্রি. হতে ০৩/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | ০৪/৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ০৪/৩/২০২৪ খ্রি. দুপুর ০২.০০ টা পর্যন্ত | ১ম পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |
| ৩য় | ০৫/০৩/২০২৪ খ্রি. হতে ১০/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | ১১/৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১১/৩/২০২৪ খ্রি. দুপুর ০২.০০ টা পর্যন্ত | ১ম-২য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |
| ৪র্থ | ১২/০৩/২০২৪ খ্রি. হতে ১৯/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | ২০/৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২০/৩/২০২৪ খ্রি. দুপুর ০২.০০ টা পর্যন্ত | ১ম-৩য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |
| ৫ম | ২১/০৩/২০২৪ খ্রি. হতে ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | ২৮/০৩/২০২৪ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রি. দুপুর ০২.০০ টা পর্যন্ত | ১ম-৪র্থ পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |

০৪। 'খ' তফশীল মোতাবেক হাট/বাজারের কাঙ্খিত ইজারা মূল্য ও সিডিউল নির্ধারণ করা হয়েছেঃ

হাট-বাজারের ক্যালেন্ডার

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারী মূল্য (টাকা) | সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ফকিরগঞ্জ হাট | তোড়িয়া ও রাধানগর | ৩৮৭২৮৮৭ | ৮,৪০০/- | |
| ২. | পাটশিরি হাট | মির্জাপুর | ২০৩৫২ | ৫০০/- | |
| ৩. | নুনুমন্ডল হাট | মির্জাপুর | ১০৬০ | ৫০০/- | |
| ৪. | তোড়িয়া হাট | তোড়িয়া | ৩৯১৩২ | ৫০০/- | |
| ৫. | বারঘাটি হাট | তোড়িয়া | ১৭২৩৮ | ৫০০/- | |
| ৬. | তোড়িয়া ডুংডুংগী হাট | তোড়িয়া | ২৫২৬ | ৫০০/- | |
| ৭. | বালাডাঙ্গী হাট | তোড়িয়া | ২২০০ | ৫০০/- | |
| ৮. | রাখালদেবী হাট | আলোয়াখোয়া | ১১৭৫৯ | ৫০০/- | |
| ৯. | পাল্টাপাড়া হাট | আলোয়াখোয়া | ৪৮৮৩১ | ৫০০/- | |
| ১০. | গুঞ্জরমারী হাট | আলোয়াখোয়া | ২৭০৩ | ৫০০/- | |
| ১১. | আলোয়াখোয়া ডুংডুংগী হাট | আলোয়াখোয়া | ৪৭১৭ | ৫০০/- | |
| ১২. | রাধানগর ডুংডুংগী হাট | রাধানগর | ২৭০৩ | ৫০০/- | |

|  |  |  |  |  |  |
|---|---|---|---|---|---|
| ১৩. | দিলার বাজার | বলরামপুর | ৬৬৮২ | ৫০০/- |  |
| ১৪. | চুচুলী বটতলী হাট | বলরামপুর | ৯৭১৭ | ৫০০/- |  |
| ১৫. | রানীগঞ্জ দুহসুহ হাট | বলরামপুর | ৭৩৪৯ | ৫০০/- |  |
| ১৬. | ধামোর হাট | ধামোর | ৪৩১১ | ৫০০/- |  |
| ১৭. | দিঘীরকোন হাট | ধামোর | ৪৮০৫ | ৫০০/- |  |
| ১৮. | সিকটিহাড়ী হাট | ধামোর | ৬৫৪ | ৫০০/- |  |

বি:দ্র: ১ম পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। অনুরুপভাবে ২য় পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ৩য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। একইভাবে ৩য় পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ৪র্থ পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। একইভাবে ৪র্থ পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ৫ম পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

**দরপত্র প্রাপ্তির স্থান :** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পঞ্চগড়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়, উপজেলা ভূমি অফিস, আটোয়ারী, পঞ্চগড়, অফিসার ইনচার্জ, আটোয়ারী, পঞ্চগড়, সোনালী ব্যাংক লিঃ, আটোয়ারী শাখা, পঞ্চগড়, এ নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র ক্রয় করা যাবে।

**দরপত্র দাখিলের স্থানসমূহ :** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পঞ্চগড়, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় ও উপজেলা ভূমি অফিস, আটোয়ারী, পঞ্চগড় এ রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করা যাবে।

**দরপত্র দাখিলের সময় :** প্রতি পর্যায়ের নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত।

**দরপত্র খোলার তারিখ ও সময় :** দরপত্র দাখিলের দিন বেলা ০২.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

**শর্তাবলী:**

০১। ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে। তবে রাশ পূর্ণিমা পুজা উপলক্ষ্যে আয়োজিত আলোয়াখোয়া মেলা এক মাস অনুষ্ঠিত হয় বিধায় ফকিরগঞ্জ হাটটি মেলা চলাকালীন অর্থাৎ ০১ (এক) মাস ইজারা বর্হিভূত থাকবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% অর্থ আয়কর এবং ১৫% ভ্যাট একই সাথে পরিশোধ করতে হবে, অন্যথায় সংশ্লিষ্ট হাট-বাজারের অনুকূলে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবেনা। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৬। খামের উপরে দরদাতার নাম, ঠিকানা ও হাটের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দপত্র দাখিল করতে হবে। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন ঘটনা পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল করা হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। চুক্তিনামা সম্পাদন ব্যতীত এবং ইজারা দরের সমুদয় মূল্য পরিশোধ না হলে হাটের দখল বুঝিয়ে দেয়া হবেনা এবং দখল বুঝিয়ে না দেয়া পর্যন্ত ইজারাদার টোল আদায় করতে পারবেননা।

১২। দুই বা ততোধিক দরদাতার দাখিলকৃত সর্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপরে লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার এবং দরপত্রের শর্তাবলী সংযোজন, বিয়োজন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯। সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত ইজারা সংক্রান্ত সকল শর্ত/সিদ্ধান্ত মেনে চলা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।
২০। সরকারকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যে কোন সময় হাট-বাজার পরিদর্শন করতে পারবেন।
২১। হাট-বাজারে মেট্রিক পদ্ধতি চালু রাখতে হবে।
২২। হাট-বাজার ইজারা সংক্রান্ত ভবিষ্যতে সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা/আদেশ/পরিপত্র এর সকল শর্ত ইজারার শর্তাবলী হিসেবে গণ্য হবে।
২৩। হাট-বাজারের ইজারামূল্য কিস্তিতে পরিশোধ করা যাবেনা।
২৪। দরদাতাকে দরপত্রের সাথে মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রদান করতে হবে।

২২/০১/২৪

রাসেদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
মোবাইলঃ ০১৭০৮৩৯৭৭০৭
E-mail: unoatwari@mopa.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৭.৭৭০৪.০০০.৩২.০২৩.২৪- তারিখ : ০৮ মাঘ ১৪৩০ / ২২ জানুয়ারি ২০২৪

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. জেলা প্রশাসক, পঞ্চগড়।
২. পুলিশ সুপার, পঞ্চগড়।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
৪. সহকারী কমিশনার (ভূমি), আটোয়ারী, পঞ্চগড়।
৫. অফিসার ইন চার্জ, আটোয়ারী থানা।
৬. ম্যানেজার, সোনালী ব্যাংক, আটোয়ারী শাখা।
৭. ---------------------------------------------------------------। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে টাংগানোর অনুরোধসহ প্রেরণ করা হলো।
৮. চেয়ারম্যান, ------------------------------------------(সকল) ইউপি, আটোয়ারী, পঞ্চগড়। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,------------------------------------(সকল) ইউনিয়ন ভূমি অফিস, আটোয়ারী, পঞ্চগড়। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ।
১০. সম্পাদক, ------------------------------------------------------। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ০১ (এক) দিনের জন্য (শর্তাবলী ব্যতীত) ১০" x ৪ কলাম মাপে প্রচারের নিমিত্ত প্রকাশ পূর্বক বিধি মোতাবেক বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো ।
১১. অত্রাফিসের নোটিশ বোর্ড।

রাসেদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
মোবাইলঃ ০১৭০৮৩৯৭৭০৭
E-mail: unoatwari@mopa.gov.bd